ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১০৯ ● কলকাতা ● ০৯ বৈশাখ, ১৪৩২ ● বুধবার ● ২৩ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## দোকানে দোকানে 'চাঁদা' চাইছিলেন, সুকান্তকে টেনে ভ্যানে তুলল পুলিশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

হাজরা মোড়ে বিজেপির কর্মসূচি ঘিরে উত্তেজনা। পুলিশের সঙ্গে বচসায় জড়ালেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। অনুমতি নেই জানিয়ে সুকান্তদের আটকাল পুলিশ। সুকান্ত ও বিজেপির নেতা-কর্মীদের আটক করা হল। সুকান্তকে টেনে ভ্যানে তুলল পুলিশ।প্রসঙ্গত, ওয়াকফ আইনের বিরোধিতাকে কেন্দ্র করে মুর্শিদাবাদের একাধিক এলাকায় গোলমাল হয়েছিল।

এরপর ৩ পৃষ্ঠায়


# যোগ্য' শিক্ষকরা ফিরবেন স্কুলে, যথা নিয়মে বেতনও, বড় ঘোষণা স্কুল শিক্ষাদপ্তরের, জারি বিজ্ঞপ্তি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আন্দোলনকারীদের দাবি মানল স্কুল সার্ভিস কমিশন। কথা রাখল রাজ্য সরকার। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে 'যোগ্য' শিক্ষকরা যোগ দেবেন কাজে। যথা নিয়মে মিলবে বেতনও। বিজ্ঞপ্তি জারি করে তালিকা প্রকাশের কথা জানাল স্কুল শিক্ষাদপ্তর। ইতিমধ্যেই সেই তালিকা জেলায়-জেলায় সংশ্লিষ্ট দপ্তরে পাঠিয়ে দিয়েছে স্কুল সার্ভিস কমিশন।প্রসঙ্গত, সুপ্রিম রায়ে এসএসসির ২০১৬ সালের প্যানেল বাতিলে ২৫ হাজার ৭৫২ জনের চাকরি গিয়েছে। চাকরিহারা 'যোগ্য'দের কাজ চালিয়ে যাওয়ার অনুমতি ও নিয়োগ প্রক্রিয়ার জন্য অতিরিক্ত সময় চেয়ে শীর্ষ আদালতে যায় মধ্যশিক্ষা পর্ষদ। গত বৃহস্পতিবার প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার বেঞ্চে মামলার শুনানি হয়। সেই শুনানিতে আদালত ৩১ ডিসেম্বর পর্যন্ত নিয়োগের সময় দিয়েছেন বিচারপতি। ততদিন চাকরিহারা 'যোগ্য' শিক্ষকরা চাকরি করতে পারবেন, সঙ্গে

এরপর ৩ পাতায়






# ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলার উদ্যেগে মেডিকেল কলেজ হাসপাতালের অডিটোরিয়াম হলে ১৪১ জন হজ যাত্রীদের ভ্যাকসিন দেওয়ার আয়োজন করে

**বাইজিদ মন্ডল ডায়মন্ড হারবার**

হজ যাত্রীদের জন্যও ইনফ্লুঞ্জা,মেনিনজাইটিসের, ও পোলিও টিকা বাধ্যতামূলক করেছে সৌদি আরব সরকার, যা কার্যকর হয়েছে ২০২৫ ফেব্রুয়ারি থেকে। সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক নির্দেশনায় বলা হয়েছে, যারা ওমরাহ বা হজ করতে যাবেন, কিম্বা ভিজিট ভিসায় মক্কা, মদিনা, জেদ্দা ও তাইফে যাবেন, সবার জন্যই এ নিয়ম প্রযোজ্য হবে। সৌদি আরবে ভ্রমণের কমপক্ষে ১০ দিন আগে মেনিনজাইটিসের টিকা নিতে হবে এটি সৌদি আরবে প্রবেশের জন্য একটি প্রয়োজনীয়তা। ভ্রমণের সময় সেই টিকা নেওয়ার সনদ সঙ্গে রাখতে হবে। আর সেই সৌদি আরবের স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনার কথা মাথায় রেখে মঙ্গল বার ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলার উদ্যেগে,ডায়মন্ড হারবার মেডিকেল কলেজ হাসপাতালের অডিটোরিয়াম হলে কাকদ্বীপ ,নামখানা, কুল্পি ডায়মন্ড হারবার,সাগর সহ জেলার আরো বেশি কিছু জায়গা থেকে আজ এই প্রথম প্রায় ১৪১ জন হজ যাত্রীদের ভ্যাকসিন দেওয়ার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ডায়মন্ড হারবার মেডিকেল কলেজের হাসপাতালের প্রিন্সিপাল অধ্যাপক ডাঃমোঃ সাদিক মল্লিক, ডায়মন্ড হারবার জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জয়ন্ত কুমার সুকুল এছড়াও এই ভ্যাকসিন ক্যাম্পের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ডেপুটি সি এম ও এইচ,ডা: সোনালী দাস, ও ডা: আকবর হোসেন মেডিকেল অফিসার পঞ্চগ্রাম হাসপাতাল,বিশিষ্ট সিনিয়ার সাংবাদিক কিংশুক ভট্টাচার্য। এছাড়াও ভ্যাকসিন ক্যাম্পে স্বাস্থ্য পরীক্ষা করেন ডাঃ মাহবুব হোসেন,ডাঃ আলিফ ইসলাম,ডাঃ সৌরভ হালদার সহ সকল স্বাস্থ্য কর্মীরা উপস্থিত ছিলেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সৌদি সরকার অনুমোদিত কোয়াড্রাইভ্যালেন্ট পলিস্যাকারাইড ভ্যাকসিন অথবা কোয়াড্রাইভ্যালেন্ট কনজুগেটেড ধরনের নিতে হবে। এর মধ্যে পলিস্যাকারাইড টিকার কার্যকারিতা ৩ বছর আর কনজুগেটেড টিকার কার্যকারিতা ৫ বছর। এই সময়ের মধ্যে কেউ এই দুই ধরনের টিকা নিয়ে থাকলে তার আর নতুন করে টিকা নিতে হবে না।দুই বছরের কম বয়সী ভ্রমণকারীর জন্য মেনিনজাইটিসের টিকার বাধ্যবাধকতা থাকবে না। ডায়মন্ড হারবার মেডিকেল কলেজের প্রিন্সিপাল মো: ডা: সাদিক মল্লিক তিনি জানান প্রতি জেলায় সিভিল সার্জনের নেতৃত্বে মেডিকেল বোর্ড গঠন করা হয়। এ বোর্ডের মাধ্যমেই ব্যবস্থা করা হয় বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষার। স্বাস্থ্য পরীক্ষা ও মেনিনজাইটিস প্রতিরোধক টিকা, যা বাধ্যতামূলক, এ বোর্ডের মাধ্যমেই প্রদান করা হয়। স্বাস্থ্য পরীক্ষা ও টিকা নিয়ে এ বোর্ড থেকে আপনাকে মেডিকেল সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। জেলা পর্যায়ে এ কাজটি সম্পূর্ণ করা সম্ভব না হলে পরবর্তীতে হজ্জ ক্যাম্পে এসে সম্পূর্ণ করবেন,এ সনদ ব্যতীত হজে যাওয়া সম্ভব হবে না। ডায়মন্ড হারবার জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জয়ন্ত কুমার শুকুন তিনি বলেন, “যারা হজ করতে যান, তাদের বাধ্যতামূলক মেনিনজাইটিস টিকা নিতে হবে। স্বাস্থ্য মন্ত্রণালয় এই টিকা হজযাত্রীদের বিনামূল্যে সরবরাহ করে। এখন হজ করতে যাওয়া ব্যক্তিদের জন্য সেটি বাধ্যতামূলক করা হয়েছে। ডা: আকবর হোসেন তিনি বলেন ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলার উদ্যেগে হজ যাত্রীদের ভ্যাকসিন দেওয়ার জন্য প্রশংসনীয় ভূমিকা পালন করলেন। ডেপুটি সি এম ও এইচ ডা: সোনালী দাস জানান হজ যাত্রীদের জন্য মেনিনজাইটিস এর মেনিনজাইটিস এসিওয়াই ডব্লিউ টিকা নেওয়া বাধ্যতামূলক। এই টিকা হজ যাত্রার আগে নেওয়া উচিত এবং এটি সৌদি আরবে প্রবেশের জন্য একটি প্রয়োজনীয়তা।পাশা পাশি আগত হজ যাত্রীরা ভ্যাকসিন নিতে এসে ভালো পরিষেবা দেওয়ার জন্য তারা ডাক্তার দের ও মেডিকেল কলেজ হাসপাতালের কর্তৃপক্ষ দের ধন্যবাদ জানান।

## তৃণমূলের দুর্নীতির বিরুদ্ধে লালগড়ে বিজেপির ধিক্কার মিছিল

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

চাকরিহারা শিক্ষকদের চাকরি ফেরানোর দাবিতে, বাংলা জুড়ে হিন্দুদের উপর ক্রমাগত আক্রমণের প্রতিবাদ ও তৃণমূল কংগ্রেসের দুর্নীতির বিরুদ্ধে মঙ্গলবার ঝাড়গ্রাম সাংগঠনিক জেলা বিজেপির ডাকে ঝাড়গ্রাম জেলার বিনপুর এক নম্বর ব্লকের লালগড়ে আয়োজন করা হয় বিজেপির ধিক্কার মিছিল। এদিনের ধিক্কার মিছিলটি বিনপুর ১ ব্লকের লালগড়ের হাটতলা থেকে শুরু করে লালগড় বাজার হয়ে লালগড়ের এস.আই চকে শেষ হয়। ধিক্কার মিছিল শেষে পথসভার আয়োজন করা হয়। ওই মিছিলে ও পথসভায় উপস্থিত ছিলেন সাংগঠনিক ঝাড়গ্রাম জেলা বিজেপির সভাপতি তুফান

এরপর ৬ পাতায়






(১ম পাতার পর)

# যোগ্য' শিক্ষকরা ফিরবেন স্কুলে, যথা নিয়মে বেতনও, বড় ঘোষণা স্কুল শিক্ষাদপ্তরের, জারি বিজ্ঞপ্তি

মিলবে বেতনও। এদিন সেই নির্দেশ মেনেই যোগ্যদের কাজে ফেরাতে বিজ্ঞপ্তি জারি করল স্কুল শিক্ষাদপ্তর।মঙ্গলবার শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে সাংবাদিক সম্মেলন করেন এসএসসির চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার। সেখান থেকে শিক্ষামন্ত্রী সাফ জানিয়েছিলেন, "মুখ্যমন্ত্রী প্রথম দিন থেকে চাকরিহারাদের পাশে রয়েছেন। আপনারা নিজেদের কাজে ফিরুন, আমাদের কাজ করতে দিন। সুপ্রিম কোর্টের নির্দেশের পরই আমরা আদালতে গিয়েছি। ৩১ ডিসেম্বর পর্যন্ত উপযুক্তরা কাজ করতে পারবেন। বেতনও পাবেন। বাকি দায়িত্বটাও আমাদের।” এরপরই যোগ্যদের নামের তালিকা জেলায় জেলায় ডিস্ট্রিক্ট ইনচার্জদের কাছে পাঠিয়ে দেওয়া হল। সুপ্রিম নির্দেশ মেনেই নবম-দশম এবং একাদশ-দ্বাদশ শ্রেণির ‘যোগ্য’ শিক্ষক-শিক্ষিকারা কাজে যোগ দেবেন। যথা নিয়মে মিলবে বেতনও।

সূত্রের খবর, এসএসসি বুধবারের মধ্যে মোট তিনটি তালিকা স্কুল শিক্ষাদপ্তরে পাঠাবে। একবারে নিষ্কলঙ্ক বা বৈধ যাঁরা, যাঁদের পরীক্ষা-সহ যাবতীয় প্রক্রিয়ায় কোনও সমস্যা নেই তাঁদের নামের তালিকা। দ্বিতীয় তালিকায় নাম থাকবে যাঁদের ওএমআর-সহ নানাবিধ সমস্যা রয়েছে। সম্পূর্ণভাবে যারা অযোগ্য তাদের নামের তালিকাও তৈরি হবে।

(১ম পাতার পর)

# দোকানে দোকানে 'চাঁদা' চাইছিলেন, সুকান্তকে টেনে ভ্যানে তুলল পুলিশ

গাড়ি-বাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়। ভাঙচুর চালানো হয়। গঙ্গা পেরিয়ে অনেকে মালদহের বৈষ্ণবনগরের একটি স্কুলে আশ্রয় নিয়েছিলেন। যদিও এখন সবাই বাড়ি ফিরেছেন। পুলিশ জানিয়েছে, হিংসাকবলিত এলাকায় পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। এই অবস্থায় মুর্শিদাবাদে ক্ষতিগ্রস্ত ও ঘরছাড়াদের সাহায্য করার জন্য এদিন 'ভিক্ষাপাত্র' হাতে নিয়ে হাজরা মোড়ের দোকানো দোকানে 'চাঁদা' চাইতে গিয়েছিলেন সুকান্ত মজুমদাররা। মঙ্গলবার বিকেলে মুর্শিদাবাদে ক্ষতিগ্রস্তদের জন্য হাজরা মোড়ে দোকানে দোকানে 'চাঁদা' চাইছিলেন সুকান্ত ও বিজেপির নেতা-কর্মীরা। তাঁদের হাতে ছিল 'ঘরছাড়াদের জন্য ভিক্ষাপাত্র'। রাস্তায় বিজেপির রাজ্য সভাপতিকে আটকায় পুলিশ। কেন তাঁদের আটকানো হল, তা জানতে চান কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত। পুলিশকে তিনি বলেন, "এটা কোনও রাজনৈতিক কর্মসূচি নয়। রাস্তা ব্লক করছি না। দোকানে দোকানে গিয়ে টাকা চাইছি। কোনও মিছিল করছি না।" তবে সুকান্তর যুক্তি মানতে চায়নি পুলিশ। তারা জানিয়ে দেয়, বিনা অনুমতিতে এভাবে রাস্তা আটকাতে পারেন না তাঁরা। এটা বেআইনি জমায়েত।

# বাংলায় শান্তি ও সম্প্রীতির জন্য জুলুশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা।** মুর্শিদাবাদের হিংসা সহ বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে বাংলার ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। এমন পরিস্থিতিতে, রাজ্যে শান্তি বজায় রাখতে এবং দাঙ্গাবাজদের বিরুদ্ধে, আজ মৌলালি থেকে ধর্মতলা পর্যন্ত একটি নীরব শান্তি জুলুশের আয়োজন করা হয়। অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘ লিগ্যাল সেলের




চেয়ারম্যান এবং সুপ্রিম কোর্টের আইনজীবী মুকুল বিশ্বাস উপরোক্ত তথ্য জানান, মুকুল বিশ্বাস সাংবাদিকদের সাথে আলাপকালে বলেন যে বাংলা শান্তি এবং তার সংস্কৃতির জন্য বিখ্যাত, কিন্তু আজকাল এখানে যেভাবে বৈষম্য এবং সহিংসতা দেখা দিয়েছে তা ঠিক নয়। সমাবেশে প্রাক্তন আইপিএস কল্যাণ মালিক, প্রাক্তন ডিএসপি অনিল কুমার রাই, ব্যারিস্টার সুব্রত চক্রবর্তী সহ সাধু, সন্ন্যাসী এবং অন্যান্য ধর্মের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

# আন্দোলনকারীদের জল বায়ো টয়লেটের ব্যবস্থা করলেন সজল ঘোষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সজল ঘোষের স্পষ্ট কথা, তিনি রাজনীতি করলেও এর সঙ্গে রাজনীতির কোনো সম্পর্ক নেই। শুধুই মানবিকতার খাতিরে তিনি এটা করছেন। রাত ২টো বেজে গেলেও এসএসসি ভবনের ভেতরেই আটকে থাকেন চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার। এদিকে, চাকরিহারাদের জন্য জলের ব্যবস্থা করে দিলেন বিজেপি নেতা সজল ঘোষ। যোগ্যদের তালিকা না বেরোনো পর্যন্ত এসএসসি ভবন থেকে কাউকে বের হতে দেওয়া হবে না বলে জানিয়ে দেন বিক্ষোভরত চাকরিহারা শিক্ষকরা। এদিকে করুণাময়ীতে কাঁদানে গ্যাস, লাঠি হাতে নিয়ে নামে পুলিশের র‍্যাফ। খণ্ডযুদ্ধের পরিস্থিতি তৈরি হয়। মাটি আঁকড়ে শুয়ে বসে প্রতিবাদে অনড় শিক্ষকরা। তাদের দাবি, "ওরাই রাস্তায় নামিয়েছে। তালিকা না দিলে আমরা সরব না।বিনিদ্র রাত ধরনা প্রতিবাদ চাকরিহারাদের। এদিকে রাতেই প্রতিবাদীদের জন্য জলের ব্যবস্থা করেন বিজেপি নেতা সজল ঘোষ। কোনও রাজনৈতিক কারণে নয়, সম্পূর্ণ মানবিক দিক থেকে এই আয়োজন বলে জানান তিনি। বায়ো টয়লেট বসাতে পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ করেন চাকরিহারারা। যদিও সজলের আশ্বাস, বায়ো টয়লেটও আনা হচ্ছে। সজল ঘোষ বলেন, "জল দেওয়ার সঙ্গে যাতে রাজনীতি না জড়ায়। বায়ো টয়লেট আসবে কিন্তু তা যেন মহিলারা ব্যবহার করেন সেই অনুরোধ থাকবে। আমি রাজনীতি করি। কিন্তু তার মানে এই নয় আমি বাংলার মানুষ না। এসএসসি কর্তারা অর্ডার করা খাবার খাক, কিন্তু চাকরি খেলেন কেন? বায়ো টয়লেট আসতে ২ ঘণ্টা সময় লাগবে।

# সম্পাদকীয়

## বীর সৈনিকদের প্রতি যথাযথ সম্মান জানাতে সেনা হাসপাতাল (পি অ্যান্ড আর)-এ প্রথম পর্বের সোলজারথন-এ অংশ নিলেন ৫০০০-এরও বেশি দৌড়বিদ

সেনা বাহিনীতে বীর নায়কদের প্রতি যথাযথ সম্মান জানাতে নতুন দিল্লির সেনা হাসপাতাল (রিসার্চ অ্যান্ড রেফারেল)-এ ২০ এপ্রিল ২০২৫ প্রথম পর্বের সোলজারথন-এ অংশ নিলেন ৫০০০-এরও বেশি দৌড়বিদ। 'রান ফর সোলজার্স অ্যান্ড রান উইথ সোলজার্স' নামাঙ্কিত এই প্রতিযোগিতার যৌথভাবে আয়োজন করেছিল সেনা হাসপাতাল (পি অ্যান্ড আর) এবং ফিটিস্তান-এক ফিট ভারত। এতে প্রবীণ মানুষরা, সেনারা, নাগরিক, ছাত্র-ছাত্রী, ফিটনেস উৎসাহীরা ঐক্য এবং জাতীয় গর্বের উদযাপনে যোগ দেন।

সোলজারথনে ছিল ১০ ও ৫ কিলোমিটার দৌড় এবং ৩ কিলোমিটার হাঁটার এই ৩টি বিভাগ। জন অংশগ্রহণ এবং অন্তর্ভুক্তিকতাকে উৎসাহ দিতেই এর আয়োজন। সেনাদের শৃঙ্খলা, সংকল্প এবং দেশ সেবার প্রতি তাঁদের পরম নিষ্ঠার প্রতি সম্মান জানাতে ভারতীয় সেনাদের সাথে একসঙ্গে দৌড়বিদরা এতে পা মিলিয়েছেন।

অনুষ্ঠানের সূচনা করেন মিজোরামের রাজ্যপাল অবসরপ্রাপ্ত জেনারেল (ডঃ) ভি কে সিং। তাঁর সঙ্গে ছিলেন নৌ-বাহিনীর প্রধান, সেনাবাহিনীর উপ-প্রধান, সশস্ত্র বাহিনীর মেডিকেল সার্ভিসেসের মহা নির্দেশক, দিল্লি এরিয়ার জেনারেল অফিসার কম্যান্ডিং, ডিজিএমএস (নৌ) ডিজিএমএস (বিমান) এবং সেনা হাসপাতাল (পি অ্যান্ড আর)-এর কমান্ড্যান্ট। দেশপ্রেমের উচ্ছ্বাস এবং আবেগঘন শ্রদ্ধাপূর্ণ ছিল সারা পরিবেশ।

পুণের কিরকী-তে পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্রের জন্য তহবিল সংগ্রহের মতো মহৎ উদ্দেশ্যেই এর আয়োজন। কর্মক্ষেত্রে আহত সৈনিকদের জন্য বিশেষ চিকিৎসা পরিষেবা এবং থেরাপি এই কেন্দ্র মারফৎ প্রদান করা হয়। নিঃস্বার্থভাবে যাঁরা দেশের জন্য কাজ করেন, তাঁদের প্রতি অনুরূপ দায়বদ্ধতা দেখাতে এই অনুষ্ঠানে বিপুল উৎসাহ দেখা যায়।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)




অনেকেরই জানা। প্রতি বছরে আশ্বিন মাসের পূর্ণিমা তিথিতে এই কোজাগরী লক্ষ্মী পুজো পালিত হয়। বলা হয় এই পুজো করলে তার ঘরে রাজলক্ষ্মী,ভাগ্য লক্ষ্মী, কুল লক্ষ্মী ও যশ লক্ষ্মী অচলা থাকেন। তার কোনো কিছুরই অভাব থাকে না। জেনে নেওয়া যাক এই ব্রতের পেছনে প্রচলিত কাহিনী। অন্যদিকে জনবিশ্বাস অনুযায়ী এটা মানা হয় যে,দেবী লক্ষ্মীর নামানুসারে আপনার কন্যার নামকরণ করলে তা সংসারে সমৃদ্ধি এবং খুশির জোয়ার বয়ে আনে।এই নাম-গুলির রাজকীয়তা তাদের স্পর্শ করে যা কোন ফ্যাশনের থেকে কোনও অংশে কম

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# জুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া-র বিজ্ঞানীরা উত্তর-পূর্ব ভারতে নতুন প্রজাতির মাকড়সা আবিষ্কার করলেন



**কলকাতা, ২২শে মে, ২০২৫**

কলকাতার জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (জেডএসআই)-এর কলকাতার গবেষকদের একটি দল সম্প্রতি উত্তর-পূর্ব ভারত থেকে চারটি নতুন প্রজাতির মাকড়সার সন্ধান পেয়েছেন। এই গুরুত্বপূর্ণ আবিষ্কারের মধ্যে দুটি প্রজাতি রয়েছে যা অতীতে বিজ্ঞানীদের কাছে অজানাই ছিল এবং আরও দুটি প্রজাতির উপস্থিতি এই দেশে প্রথমবারের মতো নথিবদ্ধ হয়েছে। এই আবিষ্কারগুলি এই অঞ্চলের অনেকাংশে অনাবিষ্কৃত অ্যারাকনিড জীববৈচিত্র্যকে তুলে ধরেছে এবং এর ফলে, বিশ্বব্যাপী জীববৈচিত্র্য হটস্পট হিসাবে স্বীকৃত এই অঞ্চলটির চলমান জীববৈচিত্র্য যে যথেষ্ট গবেষণার অবকাশ রাখে সেটি নির্দিষ্ট করে।

নতুন সন্ধান পাওয়া প্রজাতি Psechrus chizami, নাগাল্যান্ডে পাওয়া গিয়েছে। পাশাপাশি, Psechrus nathanael নাগাল্যান্ড এবং মেঘালয় উভয় রাজ্য থেকেই পাওয়া গিয়েছে। chizami নামকরণের উৎপত্তি স্থল হল চিজামি, যেখান থেকে এটি প্রথম সংগ্রহ করা হয়। Psechrus

এরপর ৬ পাতায়

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

যেমন – যখন কোনও নারী বা পুরুষের ধনসম্পত্তি ইত্যাদি সমস্ত কিছু নাশ করেন তখন ছায়ার সুপুত্র শনিদেব আসেন লোহার চরণে অর্থাৎ ওই চরণে অশুভ প্রভাব ফেলেন তিনি। কারও উপর শুভ প্রভাব বিস্তারের সময় তিনি আসেন তামা ও রুপোর চরণে।

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# "আমরা চাকরি দেব আর ওরা চাকরি খাবে" - তীব্র ক্ষোভ মমতার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কলকাতা:- মুখ্যমন্ত্রী নিজের বক্তব্য থেকে কিছুতেই সরে আসছেন না। SSC অফিসের সামনে বিক্ষোভ প্রসঙ্গে আবার তিনি চাকরি হারাদের জন্য দায়ী করলেন বিরোধী দলগুলোকে।

আন্দোলনকারীদের উদ্দেশে মমতার পরামর্শ, "শিক্ষক শিক্ষিকারা যাঁরা বসে রয়েছেন, তাঁরা কেন বসে রয়েছেন, কষ্ট করে এই গরমের মধ্যে? আপনারা স্কুলে যান।" চাকরিহারাদের বেতনও সুনিশ্চিত করে মমতা বলেন, "আপনাদের বেতন নিয়ে ভাবতে হবে না। আইনের মধ্যে থেকেই রাজ্য আপনাদের কাজ করে দেবে। আপনি এ না বি, সেটা আদালত ঠিক করবে, আমরা নই। কিন্তু মনে রাখতে চাকরিতে ফিরে যান। বেতন কিন্তু রাজ্য সরকারই দেবে। মমতা বললেন, "আমি কাল সন্ধ্যা থেকে কমপক্ষে ১০ বার ফোনে কথা বলেছি। আমি কলকাতায় থাকলে হয়তো এক সেকেন্ডে বিষয়টা মিটিয়ে দিতাম। আমি রাত বারোটা পর্যন্তও কথা বলে দেখেছি, কেউ কেউ জেদি হয়ে রয়েছেন, যে যোগ্য অযোগ্য তালিকা বার করতে হবে।" এরপরই আন্দোলনকারীদের উদ্দেশে মমতার প্রশ্ন, "আপনার কী যায় আসে, এই তালিকায়! কারোর কথায় কেন পা দিচ্ছেন? কে যোগ্য, কে অযোগ্য, তা দেখার তো আপনার প্রয়োজন নেই। এটা দেখার জন্য রাজ্য সরকার রয়েছে। আদালত রয়েছে। এভিডেন্স নেব। তালিকার প্রয়োজন নেই। চাকরিটা আছে নাকি, বেতন পাচ্ছেন নাকি, সেটা দেখার দরকার আপনার। বাকিটা আমাদের ওপর ছেড়ে দিন।" সূত্রেই বিরোধীদের নিশানা করেছেন মমতা। তিনি বলেন, "বাংলায় কয়েকটা লোক বসে আছে, চাকরি খাওয়ার জন্য। জনগণের কাজ করে না। কেবল কোর্টে গিয়ে পিল (পিআইএল বা জনস্বার্থ মামলা) করে। এর জন্য কোর্ট দায়ী নয়। আমরা চাকরি দেব আর ওরা চাকরি খাবে।



## নদিয়া দক্ষিণ বিজেপির সভাপতি পদে অপর্ণা নন্দীর নাম ঘোষণা হতেই অভ্যন্তরীণ কোন্দল

**অভিজিৎ সাহা, নদিয়া**

আসন্ন ২৬ এর বিধানসভা ভোট। প্রত্যেক দলই নিজেদের ঘর গোছাতে ব্যস্ত। রাজ্যের জেলা জুড়ে চলছে বিজেপির বিভিন্ন পদের রদবদল। এই রদ বদল হতেই চলছে পার্টির মধ্যে বিভিন্ন অভিযোগ। নদীয়ার দক্ষিন সাংগঠনিক জেলার সভাপতি পদে অপর্ণা নন্দীর নাম ঘোষণা করেছে বিজেপির শীর্ষ নেতৃত্ব।আর এর ফলে বিজেপির অভ্যন্তরীণ কোন্দল বেড়েই চলেছে। রবিবার রাতেই জেলা সভাপতি হিসেবে তার নামে সিলমোহর পড়ে। অপর্ণা নদীর বিরুদ্ধে পোস্টারে সরাসরি কুরুচিকর অভিযোগ আনার পাশাপাশি মানব না বলেও হুশিয়ারি দেওয়া হয়েছে। দলের জেলা সভাপতির বিরুদ্ধে পোস্টার পড়ল জেলা বিজেপির কার্যালয়ে। রাজ্যজুড়ে বিজেপির ৪৩ টি সাংগঠনিক জেলার মধ্যে ৩৩ টি জেলাতে সভাপতির নাম ঘোষিত হয়ে গিয়েছে। এক ব্যক্তি এক পদ নিয়মের ভিত্তিতে বর্তমান জেলা সভাপতি পার্থসারথি চট্টোপাধ্যায় কে সরে যেতে হয়েছে। বর্তমানে তিনি রানাঘাট উত্তর পশ্চিমের বিধায়ক। রবিবার বিকেল পর্যন্ত জেলা সভাপতি কে হবেন তা নিয়ে গেরুয়া শিবিরের অন্তরের টানাপুরাণ চলছিল। অপর্ণা নন্দীর নাম গোড়া থেকেই ছিল সম্ভাব্য তালিকায়। শনিবার রাতে কে বা কারা রানাঘাটের নদীয়া দক্ষিণ জেলা সভাপতি বিজেপির কার্যালয়ে ওই নেত্রীর বিরুদ্ধে পোস্টার সাটিয়ে দিয়েছিলেন। নেত্রীর নাম না করে লেখা মানবো না, এমন কি কোন মহিলা সভাপতির পরিবর্তে যুবকদের মধ্যে থেকে কাউকে গুরু দায়িত্ব দেওয়ার দাবিও জানানো হয়েছে। তবে মহিলা নেত্রীর বিরুদ্ধে একাধিক কুরুচি করে অভিযোগ তুলে ধরা হয়েছে এবং বিগত দিনও মহিলার বিরুদ্ধে বিভিন্ন রকম অভিযোগ লেগেই আছে দলের মধ্যে। বর্তমানে জেলার সভাপতি পার্থসারথি চট্টোপাধ্যায় বলেন এটা বিজেপির সংস্কৃতি নয়। দলীয় কোন্দল ও নয় এই কাজ শাসক রাতের অন্ধকারে শাসক দল করেছে। বিজেপি কে কালিমাপ্ত করার কাজটি তৃণমূল ই করেছে । তৃণমূলের জেলা সভাপতির দাবী কেন আমাদের দল করতে যাবে তাদের নিজস্ব ব্যাপার,কে সভাপতি হবে আমাদের অত মাথাব্যথা নেই। এর আগেও মন্ডল সভাপতি নির্বাচনকে কেন্দ্র করে উত্তপ্ত হয়েছিল জেলা পার্টি অফিস। চেয়ার-টেবিল ছোড়াছুড়ি ভাঙচুর বিক্ষোভ পর্যন্ত ঘটেছিল এটা ওদেরই কাজ।

দলের অন্তরে কান পাতলে শোনা যাচ্ছে অনেক নেতাকর্মী নতুন সভাপতিকে মেনে নিতে পারছে না। রবিবার রাজ্য বিজেপির তরফে অপর নাম ঘোষণা হলেও সোমবার রাত পর্যন্ত জেলা সভাপতি হিসেবে নিয়োগপত্র পাননি তিনি। শক্ত ঘাটি বিজেপির সেখানে সভাপতি বাঁছতে লেজে গোবরে হতে হলো বিজেপিকে। দিনের পর দিন ঠান্ডা লড়াই চলছে দলের মধ্যে। তবে সোমবারই গড় হাজির ছিলেন সভাপতি নিজেই। অপর্ণা নন্দীর দাবি সংসদ জগন্নাথ সরকার গুরুত্বপূর্ণ কাজের জন্য আসতে পারেননি সেই কারণে আজকের মত পরিকল্পনা বাতিল করা হয়েছে তবে শীঘ্র সমস্ত নেতৃত্বের সঙ্গে বসবেন। তিনি আরো বলেন যে সমস্ত পোস্টার এবং অন্যান্য যা শোনা যাচ্ছে তা আমার বিষয় নয়,রাজ্য নেতৃত্ব আমাকে নির্বাচন করেছেন দল দায়িত্ব যখন দিয়েছে তখন স্বতঃস্ফূর্তভাবে কাজ করব,চেষ্টা করব সমস্ত সমস্যার সমাধান করার।

### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)


প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# লাগবে না বাংলাদেশকে! বুঝিয়ে দিল ভারত, ৫০০০ কোটির প্রকল্প থামিয়ে দিল মোদী সরকার

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



৫০০০ কোটি টাকার রেল প্রকল্পের কাজ বন্ধ করে দিয়েছে ভারত। ওই প্রকল্পে যুক্ত ছিল বাংলাদেশ। দুই দেশের সংযোগ বাড়ানোর জন্য এই প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল বলেই জানা গিয়েছে। কিন্তু সাম্প্রতিক পরিস্থিতির কারণে মোদী সরকার এই সিদ্ধান্তক নিয়েছে বলে সূত্রে খবর। মূলত শ্রমিকদের নিরাপত্তার কথা ভেবেই আপাত বন্ধ করে দেওয়া হয়েঠে কাজ।এদিকে, উত্তর প্রদেশ ও বিহারে যে সব রেল লাইন আছে, সেগুলি দ্বিগুণ বা চারগুণ করার কথা ভাবা হচ্ছে বলে জানিয়েছেন রেলের এক উচ্চপদস্থ কর্তা। সেগুলিরও কাজ চলছে। ওইসব রুটের সঙ্গে চিকেনস নেকের সংযোগ আছে বলেই জানা গিয়েছে। নেপাল ও ভুটানের মধ্যে দিয়ে নতুন রেল করিডর খোঁজার চেষ্টা করছে রেল। সে ক্ষেত্রে বাংলাদেশের উপর নির্ভরশীলতা কমবে ভারতের।বাংলাদেশের মধ্যে দিয়ে ভারতও মধ্যভাগ ও উত্তর-পূর্ব ভারত সংযুক্ত হওয়ার কথা ছিল। তবে এবার নেপাল ও ভুটানের মধ্যে দিয়ে বিকল্প রাস্তা খুঁজে বের করার চেষ্টা করেছে রেল মন্ত্রক। শিলিগুড়ি করিডর তথা চিকেনস নেকের উপর দিয়ে যাওয়ার কথা ছিল এই রেল লাইন।

যে তিনটি প্রকল্প বন্ধ করে দেওয়া আছে, সেগুলি হল- আখাউরা-আগরতলা ক্রস বর্ডার রেল লিঙ্ক, খুলনা- মোংলা পোর্ট রেললাইন ও ঢাকা-টংগি-জয়দেবপুর রেলপথ বাড়ানোর কাজ। অন্যান্য পাঁচ প্রস্তাবিত রেলপথ নিয়ে চলছে সমীক্ষা।

(৪ পাতার পর)

## জুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া-র বিজ্ঞানীরা উত্তর-পূর্ব ভারতে নতুন প্রজাতির মাকড়সা আবিষ্কার করলেন

nathanael-এর নামকরণ করা হয়েছে শ্রী নাথানেইল পি. এ. নিউমাই-এর সম্মানে, যিনি অনুসন্ধান পর্বে অমূল্য সহায়তা দান করেছিলেন। মাকড়সার এই সংযোজনগুলির সঙ্গে, ভারতে আবিষ্কৃত Psechrus প্রজাতির মাকড়সার মোট সংখ্যা হল সাতটি।

Psechridae গোত্রের মাকড়সাগুলি স্বতন্ত্র- সামান্য গম্বুজ-আকৃতির জাল তৈরি করে যার মধ্যে একটি নল-সদৃশ আশ্রয়স্থল থাকে, যা সাধারণত ছোট ফাটল, পাথরের ফাঁক বা গাছের শিকড়ের মধ্যেই থাকে। নতুন Psechrid প্রজাতিগুলি তাদের অনন্য জননাঙ্গের কারণে অন্যান্য প্রজাতিগুলি থেকে ভিন্ন।

এই নতুন আবিষ্কারটি ZOOTAXA জার্নালের সাম্প্রতিক সংস্করণে প্রকাশিত হয়েছে।

গবেষণাদলটিতে ছিলেন ডক্টর সৌভিক সেন, ডক্টর সুধীন পি পি এবং ডক্টর সৌভিক মালি। এই গবেষক দলটি এছাড়াও Pardosa tuberosa এবং Thiania abdominalis নামের আরো দুটি প্রজাতি মাকড়শার উপস্থিতি মেঘালয়াতে নথিবদ্ধ করেছেন। এই প্রজাতির ভারতে উপস্থিতি RECORDS OF THE ZOOLOGICAL SURVEY OF INDIA গ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। নেকড়ে মাকড়সা Pardosa tuberosa জীব বৈচিত্রের পরিবর্তনশীলতাকে চিহ্নিত করে, এর ক্রমহ্রাসমান সংখ্যা পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে না চলতে পারাকে যথেষ্ট ইঙ্গিত করে।

Thiania abdominalis কে জাম্পিং স্পাইডার বলা হয়ে থাকে এর লাফ দেওয়ার ক্ষমতার জন্য। মাঝারি আকৃতির এই প্রজাতির মাকড়সার হালকা লাল খয়েরী দেহ, ক্রিম হলুদ পেট ও কালো পা। এই রঙ-এর সাহায্যে নিজেদের স্বতন্ত্রতা প্রমাণ করে। এরা যেজাল তৈরি করে তাতে শিকার ধরে না, বরং নিপুণ দক্ষতায় খাদ্য সংগ্রহ করে।

এই গবেষণার প্রধান অন্বেষী ডঃ সৌভিক সেন বলেছেন, "এই আবিষ্কারটি কেবল দুটি নতুন প্রজাতি এবং দুটি নতুন জাতীয় রেকর্ড কেবল নয়, এটি এই বাস্তুতন্ত্রে অনন্ত জীববৈচিত্র্য সম্পর্কে ওয়াকিবহাল হওয়ার সম্ভাবনাকেও নির্দিষ্ট করে। এদের বিভিন্ন আবাসস্থলের অনুসন্ধানের ফলে সম্ভবত আরও অসংখ্য প্রজাতি আবিষ্কৃত হবে যা এখনও পর্যন্ত বিজ্ঞানীদের কাছে অজানা।"

জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার অধিকর্তা ডঃ ধৃতি ব্যানার্জী এই আবিষ্কারের বিষয়ে বলেন, "এই আবিষ্কার একটি প্রাথমিক পদক্ষেপ, পরবর্তীতে উত্তর-পূর্বাঞ্চলের অনাবিষ্কৃত অঞ্চলে আরও ব্যাপক সমীক্ষা চালানো হবে, কারণ এখানকার জীববৈচিত্র্য অতুলনীয়। এই অঞ্চলের জীবজগতের একটি উল্লেখযোগ্য অংশ এখনও অনাবিষ্কৃত রয়ে গেছে। আর-ও অনুসন্ধান প্রয়োজন, গবেষকরা উত্তর-পূর্ব ভারতের বনভূমি ও পাহাড়ে লুকিয়ে থাকা অনন্ত জীববৈচিত্র্যের রহস্য উন্মোচনের আশা রাখেন।"

(২ পাতার পর)

## তৃণমূলের দুর্নীতির বিরুদ্ধে লালগড়ে বিজেপির ধিক্কার মিছিল

মাহাতো, ঝাড়গ্রাম জেলা বিজেপির সাধারণ সম্পাদক জয়ন্ত রায়, লালগড় মন্ডলের বিজেপির মন্ডল সভাপতি সৌভিক সিংহ সহ অন্যান্য নেতৃত্বরা। এছাড়াও ঝাড়গ্রাম জেলা বিজেপির নবনির্বাচিত জেলা সভাপতি তুফান মাহাতোকে ফুলের তোড়া দিয়ে সংবর্ধনা প্রদান করেন লালগড় মন্ডলের বিজেপির দলীয় নেতৃত্বরা। ওই সভা থেকে চাকরি চোর তৃণমূল কংগ্রেসকে রাজ্য থেকে হটানোর দাগ দেওয়া হয়। সেই সঙ্গে রাজ্যজুড়ে হিন্দুদের উপর অত্যাচার বন্ধ করার দাবি জানানো হয় এবং চাকরিহারা শিক্ষকদের চাকরি ফিরিয়ে দেওয়ার দাবি জানান বিজেপি নেতারা।

# সিনেমার খবর

## জয়ার কথা শুনে কেন ঐশ্বরিয়ার চোখে জল এসেছিলো?

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

শাশুড়ি আর পুত্রবধূর সম্পর্ক নাকি খুব একটা মধুর নয়। বচ্চন পরিবার নিয়ে এমন গুঞ্জন প্রায়ই শোনা যায় বলি পাড়ায়। গুঞ্জন আছে জয়া বচ্চনের সঙ্গে বিরোধের কারণেই নাকি বচ্চন পরিবারের সঙ্গে দূরত্ব বজায় রাখছেন ঐশ্বরিয়া রায়।
এমনকি গত বছর ঐশ্বরিয়া এবং অভিষেকের বিচ্ছেদের খবরও ছড়িয়েছিল। সেই জল্পনা মিথ্যে হলেও তখনও শোনা গিয়েছিল শাশুড়ির সঙ্গে বনিবনার অভাবই নাকি অন্যতম কারণ। কিন্তু সত্যিই কি ঐশ্বরিয়া ও জয়া বচ্চনের সম্পর্ক এতটাই তিক্ত?
প্রথম দিকে শাশুড়ি-পুত্রবধূর সম্পর্ক মোটেই তিক্ত ছিল না বরং অনেক অনুষ্ঠানে একসঙ্গে দেখাও যেত তাদের। তেমনই একটি ভিডিও সমাজমাধ্যমে



ফের ভাইরাল। এই ভিডিওতে পুত্রবধূর ভূয়সী প্রশংসা করতে দেখা যায় জয়াকে। ২০০৭ সালের এক অ্যাওয়ার্ড অনুষ্ঠানের ভিডিও এটি। পুরস্কার নেওয়ার সময়ে জয়া বলেছিলেন, আমাকে এর আগেও এই পুরস্কার দেওয়া হয়েছিল। কিন্তু আমি সেই পুরস্কার গ্রহণ করিনি। আমি মনে করেছিলাম, এটা উপযুক্ত সময় নয়। কিন্তু আজ আমি এক অসাধারণ সুন্দরী ও ভাল মেয়ের শাশুড়ি হতে চলেছি। এখানেই শেষ নয়। ঐশ্বরিয়া বিষয়ে জয়া বলেছিলেন, ওর মধ্যে মূল্যবোধ রয়েছে। নিজের সম্মান রাখতে জানে। আর ওর হাসিটাও খুব সুন্দর। শাশুড়ি মায়ের মুখে প্রশংসা শুনে চোখে জল এসে যায় ঐশ্বরিয়ার। কিন্তু মুখে হাসি লেগে থাকে। এই ভিডিও ফের ভাইরাল হতেই অনুরাগীদের প্রশ্ন, কীভাবে এতো ভালো সম্পর্কে তিক্ততা তৈরি হল?

## মল্লিকাকে নিয়ে অদিতির বিতর্কিত মন্তব্যে হতবাক রণবীর হুডা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউডে প্রথম ছবি থেকেই নজর কাড়েন অদিতি রাও হায়দারি। তবে 'দিল্লি সিক্স' ঘিরে তার স্মৃতি সুখের নয়। একে তো নায়িকার চরিত্র থেকে তিনি বঞ্চিত হন। তার ওপর চিত্রায়িত বেশ কিছু দৃশ্য শেষ পর্যন্ত বাদ পড়ে ছবি থেকে।
২০১১ সালে 'রকস্টার' সিনেমায় সুযোগ কিন্তু সেখানেও তিনি পার্শ্বচরিত্রে। অদিতির যাত্রাপথ ছিল বন্ধুর। ২০১৩ সালে মুক্তি পায় অক্ষয় কুমারের বিপরীতে 'বস'। কিন্তু এই সিনেমাতেও অদিতির থেকে বেশি গুরুত্ব পায় সোনাক্ষীর আইটেম ডান্স। তবে ক্যারিয়ারের প্রথম থেকেই যেন অভিনেত্রী মল্লিকা শেরাওয়াতের সঙ্গে তাঁর এক অদৃশ্য প্রতিযোগিতা। ক্যারিয়ারের শুরুর দিকে মল্লিকার স্তন নিয়ে প্রশ্ন তোলেন অভিনেত্রী!



২০১১ সালেই সুধীর মিশ্রর পরিচালনায় তিনি অভিনয় করেন 'ইয়ে সালী জিন্দগী'-তে। এই ছবিতে মোট বাইশটি চুম্বনদৃশ্যে অভিনয় করেন তিনি। ভেঙে দেন মল্লিকা শেরাওয়াতের'মার্ডার' ছবিতে দীর্ঘ চুম্বনের রেকর্ড। কিন্তু এই ছবিও তাঁর কেরিয়ারে বাড়তি গতি যোগ করতে পারেনি। ইন্ডাস্ট্রিতে অদিতির পরিচয় হয়ে দাঁড়ায় 'সাহসী অভিনেত্রী' হিসেবে। তা যেন মল্লিকার জুতোয় পা গলানো। কিন্তু পরিপূর্ণ 'নায়িকা' কোনও দিনই হয়ে উঠতে পারেননি।
'মার্ডার থ্রি' ছবিতে রণদীপ হুডার সঙ্গে বেশ কিছু ঘনিষ্ঠ দৃশ্যে অভিনয় করেন তিনি। যদিও দর্শক সে ভাবে অদিতির সাহসী অভিনয়ে সন্তুষ্ট হননি। একই ভাবে 'মার্ডার' ফ্র্যাঞ্চাইজির প্রথম ছবির অভিনেত্রী মল্লিকা হয়ে ওঠেন রাতারাতি জনপ্রিয়। কিন্তু অদিতির ক্ষেত্রে তমন কিছুই হয়নি।
সেই ছবির প্রচারের সময় দুই নায়িকার তুলনা টানা হতেই যেন মেজাজ হারান অদিতি। তিনি বলেন, মানুষের মনটা শক্তপোক্ত হতে হয় একেবারে স্টিলের মতো। স্তনে সিলিকন দিয়ে লাভ নেই।
ভিনেত্রীর এমন মন্তব্য খানিক হতচকিত হয়ে যান সহ-অভিনেতা রণদীপ হুডা। যেন নিজের কানকেই বিশ্বাস করতে পারছেন না তিনি। পাশাপাশি, নিজেকে সুন্দর করে তোলার পিছনে অস্ত্রোপচারকে অবশ্য সমর্থন করেন অভিনেত্রী। গুঞ্জন, অদিতি নিজেই তার চেহারায় বদল ঘটাতে একাধিক অস্ত্রোপচার করিয়েছেন।

## প্রেমিকার হাত ধরে ম্যাকাও উৎসবে আমির ঝলক



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

গত বছর থেকে শুরু হয়েছিল জল্পনা। অবশেষে নিজের জন্মদিনে নতুন প্রেমিকা গৌরী স্প্র্যাটের সঙ্গে পরিচয় করিয়ে দিয়েছিলেন আমির খান। তার পর থেকে কখনও বাড়ির সামনে বা কখনও গাড়িতে ওঠার সময়ে ছবিশিকারিদের ক্যামেরায় ধরা পড়ে গিয়েছেন আমির ও গৌরী। কিন্তু এ বার স্বেচ্ছায় হাতে হাত রেখে ক্যামেরায় ধরা দিলেন তারা।
আপাতত প্রেমের জোয়ারে ভাসছেন আমির। এবার চীনের একটি অনুষ্ঠানে একসঙ্গে দেখা গেল নতুন জুটিকে। গত শনিবার ম্যাকাও ইন্টারন্যাশনাল কমেডি অনুষ্ঠানে যোগ দেন আমির। ওই অনুষ্ঠানের এক ঝলক এক্স হ্যান্ডেলে শেয়ার করেন আমিরের এক ভক্ত।
ভিডিওতে দেখা গেছে, গায়ে কালো রঙের শাল জড়ানো আমিরের। গৌরীর পরনে ছিল শাড়ি। দুই জনে হেঁটে যাচ্ছিলেন। এক পর্যায়ে গৌরীর হাত ধরে দাঁড় করান আমির। হাসিমুখে চীনের অভিনেতা শেং টেং এবং মা লি-র সঙ্গে এই জুটিতে ছবিও তোলেন।
বেঙ্গালুরুর বাসিন্দা গৌরী। এক সন্তানের মা। আমির খানের সঙ্গে তার বন্ধুত্ব ২৫ বছরের। মাঝে অবশ্য বেশ কয়েক বছর যোগাযোগ ছিল না আমির ও গৌরীর। রীনা এবং কিরণের সঙ্গে বিচ্ছেদের পর ফের যোগাযোগ। বছর দেড়েক আগে মন দেওয়া নেওয়া।

# রাহানের একলা লড়াই, মিডল অর্ডার ফের ডোবাল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন। কিন্তু কলকাতা নাইট রাইডার্সের পারফরম্যান্স তেমন দেখা যাচ্ছে না। শুরু থেকেই নানা সমস্যা চলছে। এর সমাধান ঠিক কী, বোঝা কঠিন। গত ম্যাচে পঞ্জাবের মাঠে লজ্জার হার সঙ্গী হয়েছিল কলকাতা নাইট রাইডার্সের। ঘরের মাঠে ফিরেও তার বদল হল না। অথচ এমন নয় যে খুব কঠিন পরিস্থিতি ছিল। মিডল অর্ডারের যে সমস্যা, তা এখনও দূর হল না। ঘরের মাঠে এ মরসুমে চারটির মধ্যে তৃতীয় হার।

ইডেনে টস জিতে রান তাড়ার সিদ্ধান্ত নিয়েছিলেন কেকেআর ক্যাপ্টেন অজিঙ্ক রাহানে। তাঁর বিশ্বাস ছিল, মিডল অর্ডার ঘুরে দাঁড়াবে। কিন্তু হল না। প্রথমে ফিল্ডিংয়ে অস্বস্তি, এরপর ব্যাটিংয়ে। প্রথমে ব্যাট করে কেকেআরকে ১৯৯ রানের টার্গেট দেয় গুজরাট টাইটান্স। অথচ এই টার্গেট আরও ছোট হতে পারত। জস বাটলার সে সময় ১৭ রানে ব্যাটিং করছিলেন। সে সময় তাঁর ক্যাচ পড়ে। আর সেই বাটলারই ২৩ বলে ৪১ রান করে স্কোরটা বাড়িয়ে দেন।

রান তাড়ায় শুরুটা ইতিবাচক হয়নি কেকেআরের। মরসুমের প্রথম ম্যাচ খেলতে নামা রহমানুল্লা গুরবাজ ১ রানেই ফেরেন। তবে অজিঙ্ক রাহানে ও সুনীল নারিন জুটি কিছুটা ভরসা দেয়। রশিদ খান আক্রমণে আসতেই নারিনের উইকেট। সবচেয়ে হতাশার পারফরম্যান্স ভাইস ক্যাপ্টেন ভেঙ্কটেশ আইয়ারের। ১৯ বলে ১৪ রানে ফেরেন। ক্রমশ ম্যাচে পিছিয়ে পড়তে থাকে কেকেআর।

ক্যাপ্টেন অজিঙ্ক রাহানে প্রায় প্রতি ম্যাচেই ভরসা দিয়েছেন। এই ম্যাচেও অন্যথা হল না। ৩৬ বলে হাফসেঞ্চুরিতে ফেরেন রাহানে। আন্দ্রে রাসেল গুরুত্বপূর্ণ সময়ে ব্রেক থ্রু দিয়েছিলেন। কিন্তু ব্যাটিংয়ে ফের হতাশা। রিঙ্কু সিং, রাসেল, রমনদীপ, মইন আলি অল্প সময়ের ব্যবধানে একঝাঁক উইকেট। শেষ দিকে অংকৃষ রঘুবংশী ১৩ বলে ২৭ রানের ইনিংস খেলেন। হারের ব্যবধান কিছুটা কমে তাতে।

## পুরুষ ও নারীদের ছয় দল নিয়ে ২০২৮ অলিম্পিকে ফিরছে ক্রিকেট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

২০২৮ সালের ‘লস অ্যাঞ্জেলেস অলিম্পিক গেমসে’ পুরুষ ও নারী বিভাগে মোট ছয়টি ক্রিকেট দল অংশ নিবে। ১২৮ বছর পর অলিম্পিকে প্রত্যাবর্তনে ক্রিকেট হবে টি-টোয়েন্টি ফরম্যাটে।

আজ আন্তর্জাতিক অলিম্পিক কমিটির (আইওসি) নির্বাহী বোর্ড (ইবি) অলিম্পিকে ক্রিকেটের ৬টি দলের অংশগ্রহণ নিশ্চিত করেছে। টি-টোয়েন্টি ফরম্যাটের আসরে প্রতিটি দলে ১৫ জন করে খেলোয়াড় থাকবে। ফলে পুরুষ ও নারী বিভাগ মিলিয়ে মোট ৯০ জন করে খেলোয়াড় অলিম্পিকে অংশ নিবে।

অলিম্পিকে কোন ছয়টি দেশ অংশ নিবে তা এখনও নির্ধারণ করা হয়নি।

এখনও ভেন্যু চূড়ান্ত না হলেও আগেই জানানো হয়েছিল, নিউ ইর্য়কে ক্রিকেট ম্যাচগুলো আয়োজন করা হতে পারে।

সর্বশেষ ১৯০০ সালে অলিম্পিক গেমসে ছিল ক্রিকেট ইভেন্ট। ঐসময় মাত্র দু’টি দল- গ্রেট ব্রিটেন ও ফ্রান্স অংশ নিয়েছিল। দু’দিনের সেই ম্যাচ জিতেছিলে গ্রেট ব্রিটেন। তাই এখন পর্যন্ত ক্রিকেট ইভেন্ট থেকে অলিম্পিকের শুধুমাত্র স্বর্ণপদক জিতেছে গ্রেট ব্রিটেনই।

সম্প্রতি বিভিন্ন আন্তর্জাতিক ইভেন্টে আবারো ক্রিকেট অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২২ সালের হাংজু এশিয়ান গেমসে ক্রিকেট ইভেন্টে অংশ নিয়েছিল পুরুষ এবং নারীরা। ২০২২ সালে বার্মিংহাম কমনওয়েলথ গেমসে নারীদের আটটি দল অংশ নেয়। এর আগে ২০১০ গুয়াংজু এশিয়ান গেমসে পুরুষ ও নারী ক্রিকেট অন্তর্ভূক্ত ছিল।

## নতুন কোচের সন্ধানে পাকিস্তান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



পাকিস্তানের হেড কোচের পদে আকিব জাভেদ থাকছেন না– এমন গুঞ্জনটা শুরু হয়েছিল আরও বেশ কিছুদিন আগে থেকে। তবে এবার আনুষ্ঠানিকভাবেই শুরু হলো পাকিস্তানের কোচ হওয়ার প্রক্রিয়া। নিজেদের অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি দিয়ে কোচ খুঁজছে পিসিবি।

পাকিস্তানের গণমাধ্যমে খবর, কোচ হিসেবে মেয়াদ দীর্ঘায়িত করার প্রস্তাব দেয়া হয়েছিল আকিব জাভেদকে। কিন্তু তিনি সেই আবেদন ফিরিয়ে দিলে আনুষ্ঠানিকভাবে কোচ খোঁজা শুরু করে পিসিবি। কোচ হওয়ার আবেদনে পিসিবির পক্ষ থেকে উল্লেখ করা হয়েছে, আগ্রহী ব্যক্তির অন্তত লেভেল-থ্রি কোচিং কোর্সে উত্তীর্ণ হতে হবে। সেইসঙ্গে জাতীয় কিংবা ঘরোয়া পর্যায়ে অন্তত ১০ বছর কোচিং করানোর অভিজ্ঞতা থাকতে হবে।

আকিব জাভেদকে গত বছরের নভেম্বর মাসে অন্তর্বর্তী দায়িত্বে নিযুক্ত করে পাকিস্তান ক্রিকেট বোর্ড। গ্যারি কার্স্টেনকে সাদা বলের কোচের পদ থেকে সরিয়ে সাবেক এই পেসারকে যুক্ত করা হয়। এরপর জেসন গিলেস্পিকেও সরিয়ে দেয়া হয়। তিন ফরম্যাটেই পাকিস্তানের দায়িত্বে আসেন আকিব জাভেদ। যদিও ফর্মহীনতায় ভুগতে থাকা দলকে টেনে তুলতে পারেননি তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR